

ম্যানচেস্টার মুভ পরিবর্তিত হচ্ছে

ম্যানচেস্টার মুভ প্রক্রিয়াটি শুরু হয়েছিল ২০১১ সালে। তখন থেকে মানুষের ভাড়া করার মতো ঘরের সংখ্যা কমে আসছে, হোমলেসনেস বা গৃহহীনতা অনেক বৃদ্ধি পেয়েছে এবং আগের চেয়ে বেশি সংখ্যক মানুষ কাউন্সিলের ঘর পাওয়ার আশায় ম্যানচেস্টার মুভ-এ যুক্ত হয়েছেন।

কাউন্সিল এবং ম্যানচেস্টার মুভ তাদের নিয়মাবলী বদলাচ্ছে যাতে তুলনামূলকভাবে বেশি সংখ্যক মানুষ কাউন্সিলের ঘর পাওয়ার ভালো সুযোগ লাভ করেন।

নতুন নিয়মাবলী শুরু হবে ৩ৱা নভেম্বর ২০২০ থেকে।

নতুন পরিকল্পনা ও নিয়মাবলী সবার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যারা আগে ম্যানচেস্টার মুভ দরখাস্ত করেছেন তাদেরকে নতুন করে দরখাস্ত করতে হবে না।

কিছু মানুষকে কিছু অতিরিক্ত তথ্য দিতে অনুরোধ করা হতে পারে যাতে তাদের দরখাস্ত সর্বোচ্চ সম্ভব ব্যাস্তে স্থান পেতে পারে।

দরখাস্তকে আপ-টু-ডেট রাখা জরুরি এবং আমাদের পরামর্শ হচ্ছে সবাই যেন তাদের দেয়া তথ্য সঠিক এবং আপ-টু-ডেট আছে কী না তা চেক করেন।

কাউন্সিল এবং তাদের পার্টনাররা মিলে অনেক নতুন ঘর তৈরি করেছেন, কিন্তু এগুলো তৈরি করা সম্পর্ক করতে সময় লাগবে, কাজেই হাউজিং এর চায়েজ বা পছন্দ বাস্তবসম্মত হওয়া গুরুত্বপূর্ণ।

বিডিং এবং হাউজিং এর বিকল্প উপায় বিষয়ে ম্যানচেস্টার মুভ এর ওয়েবসাইটে ভালো উপদেশমালা আছে।

আপনার ম্যানচেস্টার মুভ দরখাস্ত সম্পর্কে কোনো মেসেজ বা বার্তা পেলে দয়া করে আপনার দরখাস্ত যে হাউজিং সরবরাহকারী দেখছে তাদের সাথে যোগাযোগ করুন। দরখাস্ত করার সময় আপনাকে যে ‘ওয়েলকাম টু ম্যানচেস্টার মুভ’ চিঠি দেয়া হয়েছিল তাতে এ সম্পর্কে বিস্তারিত বলা আছে।